

প্রথম অধ্যায়: আমাদের মুক্তিযুদ্ধ

► যোগ্যতাভিত্তিক কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-ক. মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য ১৯৭১ সালের ১১ই জুলাই একটি বাহিনী গঠন করা হয়। বাহিনীটির নাম কী? বাহিনীটি কয়টি ব্রিগেড ফোর্সে বিভক্ত ছিল? বাহিনীটির সম্পর্কে তিনটি বাক্য লেখ। $1+1+3=5$

উত্তর: বাহিনীটির নাম মুক্তিবাহিনী।

মুক্তিবাহিনী তিনটি ব্রিগেড ফোর্সে বিভক্ত ছিল।

মুক্তিবাহিনীর সম্পর্কে তিনটি বাক্য হলো—

১. এ বাহিনীর প্রধান ছিলেন জেনারেল আতাউল গণি ওসমানী।
২. এ বাহিনী যুদ্ধ পরিচালনার সুবিধার্থে সারাদেশকে ১১টি সেক্টরে ভাগ করে।
৩. এ বাহিনীকে নিয়মিত ও অনিয়মিত বাহিনীতে ভাগ করা হয়েছিল।

প্রশ্ন-খ. মুক্তিযুদ্ধের কিছুদিনের মধ্যে বাংলাদেশে একটি সরকার গঠিত হয়। এ সরকার কী নামে পরিচিত ছিল? এ সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন? মুক্তিযুদ্ধে এ সরকারের ভূমিকা তিনটি বাক্যে লেখ। $1+1+3=5$

উত্তর: এ সরকার মুজিবনগর সরকার নামে পরিচিত ছিল।

এ সরকারের রাষ্ট্রপতি ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

মুক্তিযুদ্ধে এ সরকারের ভূমিকা সম্পর্কে তিনটি বাক্য হলো—

১. মুজিবনগর সরকার মুক্তিযুদ্ধ পরিচালনায় মুক্তিবাহিনী গঠন করে।
২. এ সরকারের অনুপ্রেরণায় অগণিত মানুষ দেশকে মুক্ত করতে যুদ্ধে ঝাঁপিয়ে পড়ে।
৩. দেশে ও বিদেশে মুক্তিযুদ্ধের পক্ষে জনমত ও সমর্থন আদায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

প্রশ্ন-গ. 'অপারেশন সার্চলাইট' কী? অপারেশন সার্চলাইট পরিচালিত হয়েছিল কেন? অপারেশন সার্চলাইটের তিনটি ফলাফল লেখ। *[প্রা.শি.স.প. ২০১৫]*

$1+1+3=5$

উত্তর: ১৯৭১ সালের ২৫এ মার্চ রাতে পাকিস্তান হানাদার বাহিনী নিরীহ বাঙালির ওপর যে অতর্কিত আক্রমণ করে, তার নাম দেওয়া হয়েছিল 'অপারেশন সার্চলাইট'।

নিরীহ বাঙালিদের হত্যা করার জন্য অপারেশন সার্চলাইট পরিচালিত হয়েছিল।

অপারেশন সার্চলাইটের তিনটি ফলাফল হলো—

১. অনেক নিরীহ মানুষকে নির্বিচারে হত্যা করা হয়।
২. নির্বিচারে লুটতরাজ ও ধরপাকড় চালানো হয়।
৩. মানুষের ঘরবাড়ি জ্বালিয়ে দেওয়া হয়।

প্রশ্ন-ঘ. ১৪ই ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস পালন করা হয় কেন? পাঁচটি বাক্যে লেখ। *[প্রা.শি.স.প. ২০১৫]*

৫

উত্তর: যে কারণে শহিদ বুদ্ধিজীবী দিবস পালন করা হয় তা নিচে পাঁচটি বাক্যে লেখা হলো—

১. শহিদদের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার জন্য।

২. তাদেরকে স্মরণ করার জন্য।
৩. মুক্তিযুদ্ধে তাদের অবদানের জন্য।
৪. তাদের পরিবারের প্রতি সহমর্মী হওয়ার জন্য।
৫. বর্তমান প্রজন্মের মধ্যে দেশপ্রেম জাগ্রত করার জন্য।

▶ সাধারণ কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-৬. শহিদ বুদ্ধিজীবী দিবস আমরা কত তারিখে পালন করি? চার জন শহিদ বুদ্ধিজীবীর নাম লেখ। ১+৪=৫

উত্তর: শহিদ বুদ্ধিজীবী দিবস আমরা ১৪ই ডিসেম্বর পালন করি। চার জন শহিদ বুদ্ধিজীবী হলেন—

১. অধ্যাপক রাশীদুল হাসান
২. ডা. আলীম চৌধুরী।
৩. সাংবাদিক সেলিনা পারভীন
৪. অধ্যাপক মুনীর চৌধুরী।

প্রশ্ন-৮. পাঁচটি বাক্যে মুক্তিযুদ্ধের তাৎপর্য বর্ণনা কর। /প্রা.শি.স.প. ২০১৫/ ৫

উত্তর: মুক্তিযুদ্ধের তাৎপর্য নিচে পাঁচটি বাক্যে বর্ণনা করা হলো—

১. মুক্তিযুদ্ধের মাধ্যমেই আমরা আমাদের এই দেশ পেয়েছি।
২. মুক্তিযুদ্ধের ফলেই পৃথিবীর বুকে আজ আমরা একটি স্বাধীন দেশের নাগরিক।
৩. আমরা পেয়েছি নিজস্ব একটি ভূ-খণ্ড, একটি নিজস্ব পতাকা।
৪. পেয়েছি মত প্রকাশের স্বাধীনতা।
৫. মুক্তিযুদ্ধের মাধ্যমেই আমরা পরাধীনতার শৃঙ্খল থেকে মুক্ত হতে পেরেছি।

প্রশ্ন-৯. যে কোনো পাঁচজন বীরশ্রেষ্ঠের নাম লেখ। /প্রা.শি.স.প. ২০১৬/ ৫

উত্তর: ১. ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাজীর।

২. ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান।

৩. সিপাহি হামিদুর রহমান।

৪. ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ।

৫. সিপাহি মোস্তফা কামাল।